**(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)**
**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।**
**www.ashuganj.brahmanbaria.gov.bd**

স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০২.৩০.০১২.২৩- ১৩ | তারিখঃ ১৫/০১/২০২৩খ্রি. ০১লা মাঘ ১৪২৯ বাং

## ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহাল ইজারা বন্দোবস্তের বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবি /যুব/যুব মহিলা সমবায় সমিতি সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আশুগঞ্জ উপজেলাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পযন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ (সংশোধিত নীতিমালা-২০০৯ প্রযোজ্যক্ষেত্রে ) মোতাবেক আগামী ০৩ (তিন) বছর অর্থাৎ ১লা বৈশাখ ১৪৩০ হতে ৩০শে চৈত্র ১৪৩২ বাং মেয়াদের জন্য আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি /যুব/যুব মহিলা সংগঠন / সমিতির নিকট হতে ( যেখানে যা প্রযোজ্য ) শর্তসাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে ।

১। অনলাইন lams.gov.bd এবং jm.lams.gov.bd ওয়েবসাইটে অনলাইনে ০৬ মাঘ থেকে ২৫ মাঘ ১৪২৯ বঙ্গাব্দের মধ্যে আবেদন করা যাবে । ২৬ মাঘ থেকে পরবর্তী ০৩ (তিন) কাযদিবসের মধ্যে অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি এবং জামানতের মূল কপি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আশুগঞ্জে সীলগালাযুক্ত মুখবদ্ধ খামে দাখিল করতে হবে। এ বিষয়ে নতুন কোন বিজ্ঞপ্তি জারি করা হবে না ।

### উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক ২০ একর পযন্ত (বদ্ধ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা সিডিউল

| ক্রম | তারিখ | গৃহিত কাযক্রম |
|---|---|---|
| ১. | ০৬ মাঘ থেকে ২৫ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২. | ২৬ মাঘ থেকে পরবর্তী ৩(তিন) কাযাদিবসের মধ্যে। | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবদ্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আশুগঞ্জে দাখিল । |
| ৩. | ০৬ ফাল্গুনের মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই- বাছাই। |
| ৪. | ১৫ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ২৯ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ ( প্রযোজ্য ক্ষেত্রে ) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন । |
| ৬. | ০৭ চৈত্রের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ । |
| ৭. | ২৩ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চক্তি সম্পাদন । |
| ৮. | ১ বৈশাখ | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া । |

### <u>জলমহাল নীতিমালা ২০০৯ অনুযায়ী আশুগঞ্জ উপজেলাধীন ২০ একরের নীচে জলমহাল সমুহের ১৪৩০-১৪৩২ বাংলা সন পর্যন্ত ইজারাযোগ্য সরকারি খাস পুকুর এর বিবরণ :</u>

| ইউনিয়ন ভূমি অফিসের নাম | মৌজার নাম | খতিয়ান নম্বর | দাগ নম্বর | | শ্রেণী | পরিমান (একরে) | বাৎসরিক ইজারা মূল্য (ভিত্তিমূল্য) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সাবেক দাগ | হাল দাগ | | | | |
| আশুগঞ্জ সদর | যাত্রাপুর | ১ | ৭৯২ | ১৩৪৯ | পুকুর | ১.২৭ | ১২,০০০/- | -- |
| | যাত্রাপুর | ১ | ১২৪৯ | ২৪২১ | পুকুর | ০.৮১ | ১০,০০/- | -- |
| | যাত্রাপুর | ১ | ১১২১ | ১৯৯৪ | পুকুর | ০.২২ | ৩,০০০/- | -- |
| | যাত্রাপুর | ১ | | ১৩৪৯ | পুকুর | ১.২৭ | ১২০০০/- | -- |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | যাত্রাপুর | ১ | | ২৪২১ | পুকুর | ০.৮১ | ৭,০০০/- | -- |
| আড়াইসিধা | আড়াইসিধা | ১ | ১৪৬৭ | ৩০৭১ | পুকুর | ০.৮৫ | ২১,০০০/- | -- |
| | তালশহর | ১ | ২৩৭৯ | | পুকুর | ০.৭৮ | ৮,০০০/- | -- |
| | তালশহর | ১ | ২৩৮০ | | পুকুর | ০.১৪ | ২,০০০/- | -- |
| | মৈশাইর | ১ | ৬৪২ | ১৪২৮ | পুকুর | ০.৩৬ | ৩,৫০০/- | -- |
| | মৈশাইর | ১ | ৭৮৭ | ১২৪১ | পুকুর | ০.৪২ | ৪,০০০/- | -- |
| | মৈশাইর | ১ | ৮৮৩ | | পুকুর | ০.৪২ | ৩,০০০/- | -- |
| শরীফপুর | তারুয়া | ১ | ৫০৮ | | পুকুর | ১.০৭ | ১৫,০০০/- | উন্মুক্ত ডোবা |
| | তারুয়া | ১ | ৭৪০ | ১০৩৮ | পুকুর | ১.০০ | ১০,০০০/- | -- |
| | তারুয়া | ১ | ৮৪৪ | ১০১৮ | পুকুর | ০.৯১ | ১০,০০০/- | -- |
| | তারুয়া | ১ | ৭২২ | ৯৬৬ | পুকুর | ১.২৩ | ১২,০০০/- | -- |
| | তারুয়া | ১ | ২৫২২ | ৪০৮৮ | পুকুর | ১.২০ | ১৫,০০০/- | -- |
| | শরীফপুর | ১ | ২৯৩৭ | ৯৮৩৬ | পুকুর | ০.৫৯ | ৪,৫০০/- | -- |
| | শরীফপুর | ১ | ২০২৯, ২১৮০ | ৫৭৪৮, ৫৭৩৪ | পুকুর | ০.৯৪ | ১০,০০০/- | -- |
| | শরীফপুর | ১ | ২৩৭৮ | ৫৮৮৩ | পুকুর | ০.৭৭ | ৮,০০০/- | -- |
| | শরীফপুর | ১ | ২৪২৩ | ৫৯৭৩ | পুকুর | ০.৫৫ | ৫,৫০০/- | -- |
| | শরীফপুর | ১ | | ৫৯৯৯ | পুকুর | ০.৪৫ | ৪,৫০০/- | -- |
| | শরীফপুর | ১ | | ৬০১৩ | পুকুর | ০.২৮ | ৩,০০০/- | -- |
| | শরীফপুর | ১ | | ৯৮৩৬ | পুকুর | ০.৪৯ | ৫,০০০/- | -- |
| | চরলালপুর | ১ | | ৩০৯ | পুকুর | ০.৭৫ | ৮,০০০/- | -- |
| | তারুয়া | ১ | | ৯৬৬ | পুকুর | ১.২০ | ১০,৫০০/- | -- |
| | তারুয়া | ১ | | ১০১৮ | পুকুর | ০.৯১ | ৮,০০০/- | -- |
| | তারুয়া | ১ | ২৬৩৬ | ৪৪২১ | পুকুর | ০.৫৮ | ৬,০০০/- | -- |
| | লালপুর হোসেনপুর | ১ | ৬৭ | ১৪৪ | পুকুর | ০.৬৯ | ৭,০০০/- | -- |
| | লালপুর/ হোসেনপুর | ১ | ১৬৫ | ৩৬৭ | পুকুর | ২.৬০ | ২৫,০০০/- | -- |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | লালপুর/ হোসেনপুর | ১ | | | পুকুর | ০.৯০ | ১০,০০০/- | -- |
| | চরলালপুর | ১ | ১১২২ | ৩৫৯৪ | পুকুর | ০.১৫ | ২,০০০/- | -- |
| বাহাদুরপুর | সোহাগপুর | ১ | ১৩৩৩, ১৩৩৫ ১৩৩৬ | ২১৮৪, ২১৮৭, ২১৮৮ | পুকুর | ১.৮৮ | ২০,০০০/- | -- |
| | সোহাগপুর | ১ | ১১৩৪ | ২১৮৬ | পুকুর | ০.২০ | ৪,০০০/- | -- |
| | বাহাদুরপুর | ১ | ১৬২৯ | ৩১৬৯ | পুকুর | ০.২০ | ২,০০০/- | -- |
| | বগইর | ১ | ৫৬৮ | ৯১১ | পুকুর | ০.৪৭ | ৫,০০০/- | -- |
| | সোহাগপুর | ১ | ১১০৯ | ২০৬৬ | পুকুর | ০.৩৯ | ৪,০০০/- | -- |
| | সোহাগপুর | ১ | ১০৮০ | ২৩২৭ | পুকুর | ০.৪০ | ৫,০০০/- | -- |
| | বাহাদুরপুর | ১ | ১৫৪৯ | ২৯৪০ | পুকুর | ০.১৬ | ৩,০০০/- | -- |
| | বগইর | ১ | ৩৯৭ | ২৬১/ ১১৩২ | পুকুর | ০.৩৬ | ৩,৫০০/- | -- |
| | বাহাদুরপুর | ১ | ৯৫০ | ২৬৭০ | পুকুর | ০.০৪ | ১,০০০/- | -- |
| | দূর্গাপুর | ১ | ৭৯৭, ৮৪১ | ১০৪০ | পুকুর | ০.০৭ | ১,০০০/- | -- |

**নির্দিষ্টঃ** জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবীদের সমিতি/যুব সমিতি/যুব মহিলা সমিতি মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তান/আনসার/গ্রাম প্রতিরক্ষা বাহিনীদের সমিতি/সমবায় সমিতি বা সমবায়/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিদ যে সমিতি বা সমবায় সমিতিসমূহ নিকটবর্তী বা তীরবর্তী জলমহালের জন্য অগ্রাধিকার ভিত্তিতে আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। জলমহাল ইজারা গ্রহণের শর্তাবলী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), আশুগঞ্জ হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

**বি: দ্র:** উল্লিখিত ইজারাযোগ্য জলমহালের মধ্যে বিজ্ঞ আদালতে কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে তা বিজ্ঞপ্তি প্রকাশের ০৫ (পাচঁ) দিনের মধ্যে সংশ্লিষ্ট পক্ষকে সর্বশেষ অবস্থা/আরজির অনুলিপি ও অন্যান্য কাগজপত্রসহ নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় কোন নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা নেই মর্মে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

**শর্তাবলী :**

০১. ভূমি মন্ত্রণালয়ের ২৩/০৬/২০০৯ খ্রি.তারিখের ভূঃমঃ/শা-৭/বিবিধ(জল)০২/২০০৯-১৯১/১(৬০০)নংস্মারকে জারীকৃত ‘সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯’ এ বর্ণিত নিম্নোক্ত পদ্ধতি অনুসরণীয় হবে।

(ক) নিদিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি বা সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতি সমূহ নিদিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সমিতি আবেদন করতে পারবেন না। শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন তিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতির আবেদন গ্রহণযোগ্য হবে না।আরো শর্ত থাকে যে, আবেদনকারী সমবায় সমিতি বা অন্য কোন সমিতি, বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা ( যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র ও বিগত দুই বছরের অডিট রির্পোট দাখিল করবেন। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরণের প্রমানের দরকার হবে না।

(খ) আবেদন দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

(গ) উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি স্থানীয়ভাবে অনুসন্ধানের মাধ্যমে বা পরবর্তীতে জরীপ কার্যক্রম সম্পন্ন হয়ে থাকলে জরিপের মাধ্যমে উপজেলাধীন জলমহাল সমূহের পার্শ্ববর্তী এলাকায়/গ্রামে/তীরে বসবাসকারী এই নীতিতে প্রদত্ত সংজ্ঞা অনুযায়ী আবেদনকারী সমিতির সদস্যদের তালিকান যাচাই করবেন। যদি যাচাই করে দেখা যায় যে, সমিতির দেয়া তালিকায় সকলে প্রকৃত মৎস্যজীবি তা হলে উপজেলা ব্যবস্থাপনা কমিটির পক্ষে উপজেলা মৎস্য কর্মকর্তা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির বিবেচনার জন্য প্রত্যয়ন পত্র দিবেন বা প্রকৃত মৎস্যজীবি না হলে তা চিহ্নিত করে দিবেন।

০২. আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষর সহ নিদিষ্ট ফরমে (পরিশিষ্ট-ক) উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ এর নিকট আবেদন করতে হবে। আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি।
(খ) গঠনতন্ত্রের কপি।
(গ) ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য।
(ঘ) সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সত্যায়িত ছবি।
(ঙ) নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সত্যায়িত ছবি।
(চ) সমিতির দেয়া তালিকায় সকলে মৎস্যজীবি মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন।
(ছ) আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতির কার্যকারিতা প্রমাণ স্বরুপ জেলা/উপজেলা/সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র।
(জ) বিগত ২ বছরের অডিট রিপোর্ট (তবে নতুন সমিতির জন্য প্রযোজ্য নয়) ।

০৩. যে জলমহালের জন্য আবেদন করা হবে তার বার্ষিক ইজারা মূল্যের ২০% টাকা উপজেলা নির্বাহী অফিসার, আশুগঞ্জ বরাবরে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে জামানত হিসাবে জমা দিতে হবে।

০৪. অসম্পূর্ন আবেদন বাতিল বলে গন্য হবে।

০৫. সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/ সমিতিগুলো প্রকৃত মৎস্যজীবি হিসাবে প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। সরকারি ইজারা মূল্যের কম মূল্যে কোন জলমহাল ইজারা দেয়া যাবে না।

০৬. আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন সদস্য থাকেন তিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন।

০৭. বন্দোবস্ত সিদ্ধান্তের ১৫ (পনের) দিনের মধ্যে এক বছরের সমুদয় ইজারা মূল্য এবং মোট ইজারা মূল্যের ১৫% ভ্যাট ও ৫% আয়কর ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি নির্ধারিত খাতে জমা দিতে হবে। ৯. নির্ধারিত তারিখের মধ্যে ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে জামানতের অর্থ সরকার বরাবরে বাজেয়াপ্তক্রমে ইজারা বাতিল করা হবে। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

০৮. মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই/বাছাই এর ক্ষেত্রে অস্পষ্ট থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা আদালতে মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে জলমহাল বন্দোবস্ত প্রদান করা যাবে না।

০৯. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনকে দু'টির অধিক জলমহাল ইজারা দেয়া যাবে না।

১০. সমুদয় ইজারা মূল্য পরিশোধ পূর্বক ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

১১. ২য় বছরের সম্পূর্ন ইজারা মূল্য ১ম বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং ৩য় বছরের ইজারা মূল্য ২য় বছরের ১৫ চৈত্রের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবংজামানতের অর্থ সরকার বরাবরে বাজেয়ান্ত হবে।

১২. মৎস্যজীবি সংগঠন/সমিতি কোন অবস্থাতেই জলমহাল বা তার কোন অংশ সাবলীজ প্রদান বা অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর করা যাবে না।

১৩. আবেদনে কোন কাটাকাটি ও ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।

১৪. অফিস চলকালীন সময় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড/ অফিস হতে জলমহালের আয়তন, চৌহদ্দি ও পরবর্তী বছরের ইজারা মূল্যসহ সকল তথ্যাদি জানা যাবে।

১৫. সর্বশেষ জলমহাল নীতিমালা নির্দেশনা ইজারা গ্রহিতাকে অবশ্যই পালন করতে হবে।

১৬.জলমহাল কমিটি যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। অধিকন্তু কর্তৃপক্ষ বাস্তবতার আলোকে জলমহালের তফসিল কম-বেশী করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/৩/২০২৩

(অরবিন্দ বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
unoashuganj1@gmail.com

স্মারক নং-০৫.৪২.১২৩৩.০০২.৩০.০১২.২৩- ১৩ তারিখঃ ১৫/০১/২০২৩খ্রি.
০১লা মাঘ ১৪২৯ বাং

অনুলিপি সদয় অবগতির জন্য

০১. জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), ব্রাহ্মণবাড়িয়া।
০৩. সহকারী কমিশনার (ভূমি) ও সদস্য সচিব, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
০৪. উপজেলা ............................................... কর্মকর্তা ও সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। দরপত্র খোলার দিন উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
০৫. চেয়ারম্যান...................................... ইউনিয়ন পরিষদ (সকল), আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
০৬. জনাব ............................................ সভাপতি/সম্পাদক.............................. যুব/মৎস্যজীবি/ মৎস্যজীবি সমবায় সমিতি লিমিটেড, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।
০৭. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ..................................... ইউনিয়ন ভূমি অফিস, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন এলাকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
০৮. নোটিশ বোর্ড/ অফিস কপি।

১৫/১/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া।